দৈনিক সংবাদ

তারিখ ... 20 JUN 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ৭ ...

৩৩

# শিক্ষক নিয়োগের বিরুদ্ধে ছাত্রদের বিক্ষোভ

মনোহরদি (নরসিংদি), ১৯শে জুন (নিজস্ব সংবাদদাতা)।– সম্প্রতি থানার একটি হাইস্কুলে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করছে। স্কুল গভনিং বডির পাঁচজন সদস্য পদত্যাগ করেছেন। ছাত্রছাত্রীরা তাদের ওপর হামলার প্রতিবাদে মিছিল ও স্মারকলিপি পেশ করেছে।

গত ২০শে মে বাঘিবাড়ি এম, এম, আর উচ্চ বিদ্যালয়ে ২ জন শিক্ষক নিয়োগ করা হয়। উক্ত নিয়োগ নিয়ে গভর্নিং বডির সভাপতি ও প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ওঠে। স্কুলের ছাত্র–ছাত্রীরা অবিলম্বে উক্ত নিয়োগ বাতিলের দাবিতে প্রধান শিক্ষকের কাছে একটি লিখিত অভিযোগ পেশ করে। এতে ক্ষুব্ধ হয়ে সভাপতি ও তর্কিত শিক্ষকদ্বয়ের লোকজন তাদের ওপর হামলা চালায়।

পরে এ ব্যাপারে স্কুল গভর্নিং বডির ৫ সদস্য পদত্যাগ করেন। তারা গভর্নিং বডির সভাপতি ও প্রধান শিক্ষকের বিরুদ্ধে উৎকোচ গ্রহণের অভিযোগ আনেন। এ ব্যাপারে তাদের পক্ষ থেকে সহ–সভাপতি সৈয়দ আজহারুল মান্নান মহাপরিচালক, শিক্ষা অধিদপ্তরের কাছে একটি লিখিত অভিযোগ করেছেন। এদিকে গত ১৪ই জুন স্কুলের ছাত্রছাত্রীরা অবিলম্বে এ নিয়োগ আদেশ বাতিল ও তাদের ওপর হামলার প্রতিবাদে ১২ কিঃ মিঃ পথ ভেঙে থানা সদরে এসে বিক্ষোভ প্রদর্শন করে। তারা থানা নির্বাহী কর্মকর্তার কাছে একটি স্মারকলিপিও পেশ করেছে।